

বহুনির্বাচনি প্রশ্ন

১. এক সন্ধ্যায় মাদাম লোইসেলের স্বামী মঁসিয়ে কী হাতে ঘরে ফিরলেন?

- ক. সুন্দর গয়নার বাঞ্ছ
- গ. উজ্জ্বল রৌপ্য পাত্র

- খ. একটি বড় খাম
- ঘ. কার্যকার্যপূর্ণ পর্দা

২১৮

সাহিত্য পাঠ

২. মাদাম লোইসেলের সর্বদা দুঃখ, কারণ, সে—

- ক. নেকলেস হারিয়ে ফেলেছে
- খ. কাঙ্ক্ষিত জীবন পায়নি
- গ. রান্নাঘরে কাজ করে
- ঘ. দামি পোশাক পরতে পারেনা

অনুচ্ছেদটি পড়ে ৩ ও ৪ সংখ্যক প্রশ্নের উত্তর দাও।

তন্মীর সাজগোজের শখ। কিন্তু প্রসাধনী ক্রয়ের সামর্থ্য তার বাবা-মায়ের নেই। ধনীর ছেলের সঙ্গে তার বিয়ে হয়। স্বামী প্রায়ই গরিবের মেয়ে বলে ধিক্কার দিয়ে তন্মীকে শারীরিক নির্যাতন করত। তন্মী এক পর্যায়ে বাবা-মায়ের কাছে ফিরে আসে। সে উপলক্ষি করে, বিস্ত-বৈভবই মানুষের প্রকৃত পরিচয় নয়।

৩. উদ্দীপকে “নেকলেস” গল্লের যেসব ভাবের প্রতিফলন ঘটেছে তা হলো—

- i. মানসিক দৃঢ়তা
- ii. পরশ্চীকাতরতা
- iii. আত্ম-সচেতনতা

নিচের কোনটি ঠিক?

- ক. i ও ii
- খ. i ও iii
- গ. ii ও iii
- ঘ. i, ii ও iii

৪. উক্ত ভাবের বৈপরীত্যের প্রতিফলন যে বাক্যে—

ক. যত সব সুরক্ষিতপূর্ণ ও বিলাসিতার বস্তু আছে, সেগুলির জন্যই তার জন্ম হয়েছে

খ. মুরগির পাখনা খেতে খেতে মুখে সিংহ-মানবীর হাসি নিয়ে কান পেতে শুনবে চুপি চুপি বলা প্রণয়লীলার কাহিনি রোজ সকালে সে আবর্জনা নিয়ে রাস্তায় ফেলে

গ. মাদাম লোইসেলকে দেখলে এখন বয়ক্ষা বলে মনে হয়

ঘ. সামান্য একটি বস্তুতে কী করে একজন ধ্বংস হয়ে যেতে আবার বাঁচতেও পারে

সৃজনশীল প্রশ্ন

মেধাবী রূপিনার বাবা খুব সামান্য বেতনে চাকরি করেন। তার সহপাঠীরা সকলেই অবস্থাপন পরিবারের। সহপাঠীদের পোশাক, জীবনাচরণের সঙ্গে রূপিনার কিছুতেই খাপ খায় না। তবু তা নিয়ে সে মোটেই হীনমন্যতায় ভোগে না। তার ধনী সহপাঠীরাও রূপিনার বাহ্যিক চাকচিক্যের চেয়ে তার মেধাকেই বেশি গুরুত্ব দেয়। নিজের কঠোর পরিশ্রমে রূপিনা পরীক্ষায় খুব ভালো ফল করে। আজ তিনি একজন বড় কর্মকর্তা।

ক. বন্দুক কিনতে মসিয়ে কত ক্রাঁ সঞ্চয় করেছিল?

খ. মাদাম লোইসেল আমন্ত্রণ-পত্র টেবিলের উপর নিক্ষেপ করেন কেন?

গ. রূপিনার সঙ্গে মাদাম লোইসেলের সাদৃশ্যপূর্ণ দিকটি বর্ণনা কর।

ঘ. পারস্পরিক সাদৃশ্য থাকা সত্ত্বেও জীবন পরিণতিতে দুজনের জীবন ভিন্ন ধারায় প্রবাহিত। —উক্তিটি কর।